



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

তারিখ: ৩ ডিসেম্বর, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

২৭ তম আন্তর্জাতিক ও ২০ তম জাতীয় প্রতিবন্ধী দিবস ২০১৮ উপলক্ষে সাম্য ও অভিন্ন যাত্রায় প্রতিবন্ধী মানুষের ক্ষমতায়ন-এর দাবী জানাচ্ছে ব্লাস্ট

আজ ৩ ডিসেম্বর ২০১৮ ‘২৭তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ও ২০তম জাতীয় প্রতিবন্ধী দিবস’-এ বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) প্রতিবন্ধী ব্যক্তি ও তাদের সংগঠনের ক্ষমতায়নের মাধ্যমে প্রবেশগম্যতা, যুক্তিসাপেক্ষ বাস্তবায়ন ও কর্মের অধিকার সহ প্রতিবন্ধী অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর সুষ্ঠু ও পূর্ণাঙ্গ বাস্তবায়নের জোর দাবী জানাচ্ছে।

ব্লাস্ট বিভিন্ন পর্যায়ে প্রতিবন্ধী ব্যক্তিদের সুরক্ষা এবং তাদের অধিকার নিয়ে কাজ করে থাকে। প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সুনিশ্চিত করতে এবং সচেতনতা বৃদ্ধি করার উদ্দেশ্যে সম্প্রতি ব্লাস্ট প্রতিবন্ধী অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর উপর ভিত্তি করে একটি হ্যান্ডবুক ও ম্যানুয়াল প্রকাশ করে। সকল ধরনের প্রতিবন্ধী ব্যক্তির উপযোগী পদ্ধতিতে তথ্য প্রকাশনার উপর গুরুত্ব আরোপ করে ব্লাস্ট ব্রেইল, অডিও ও ইশারা ভাষায় আইনী তথ্য প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছে। এছাড়াও ব্লাস্ট বিভিন্ন সময় বিভিন্ন প্রতিবন্ধী গোষ্ঠীদের নিয়ে বিভিন্ন উন্নয়ন ও সচেতনতামূলক কাজ করে থাকে।

উল্লেখ্য যে প্রতিবন্ধী উন্নয়ন মেলা ২০১৮ তে ব্লাস্ট স্বতঃস্ফূর্ত ভাবে অংশগ্রহণ করছে যা ৩ থেকে ৭ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত অনুষ্ঠিত হচ্ছে। উক্ত মেলার অংশগ্রহণকারী প্রতিষ্ঠান হিসেবে ব্লাস্ট এর নিজস্ব স্টল থাকছে যা প্রতিদিন নির্ধারিত সময় পর্যন্ত উন্মুক্ত থাকবে।

‘২৭তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ও ২০তম জাতীয় প্রতিবন্ধী দিবস’ পালন উপলক্ষে সবাইকে ব্লাস্ট এর পক্ষ থেকে শুভেচ্ছা ও শুভকামনা।

বার্তা প্রেরক

মাহবুবা আক্তার, উপ-পরিচালক,
যোগাযোগ ও এডভোকেসি, ব্লাস্ট

ই-মেইল: mahbuba@blast.org.bd